



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখঃ ১৬/০৩/২০১৯ খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ে “১ম ইন্টারন্যাশনাল কনফারেন্স অন সোস্যাল সায়েন্স এন্ড ল-২০১৯” শীর্ষক সম্মেলনের সমাপনী অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদ এবং আইন অনুষদের যৌথ আয়োজনে “১ম ইন্টারন্যাশনাল কনফারেন্স অন সোস্যাল সায়েন্স এন্ড ল-২০১৯” শীর্ষক সম্মেলনের সমাপনী পর্ব অনুষ্ঠিত হয়েছে। অদ্য ১৬ মার্চ ২০১৯ তারিখ দুপুর ১ ঘটিকায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন-২ এর ৬ষ্ঠ তলায় অবস্থিত কনফারেন্স হলে ২দিন ব্যাপি এ সম্মেলনের সমাপনী পর্বে সভাপতির বক্তব্যের শুরুতে বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য শিক্ষাবিদ প্রফেসর ড. এস এম ইমামুল হক বরিশাল বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মত আয়োজিত আন্তর্জাতিক এ সম্মেলন সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় সকলকে ধন্যবাদ জানান। একইসাথে তিনি বলেন, এ ধরনের আন্তর্জাতিক সম্মেলন আয়োজনের মাধ্যমে অন্যান্য দেশের শিক্ষা ব্যবস্থার সাথে পরিচিত হওয়া যায় এবং শিক্ষা ও গবেষণার ক্ষেত্র আরও সম্প্রসারিত হয়। নতুন বিশ্ববিদ্যালয় হিসেবে বরিশাল বিশ্ববিদ্যালয় এগিয়ে যাচ্ছে। এটি আমাদের জন্য গর্বের বিষয়। ভবিষ্যতে এ ধরনের আন্তর্জাতিক সম্মেলন আয়োজন এ বিশ্ববিদ্যালয়কে শিক্ষা, গবেষণা, মেধা ও মননশীলতার ক্ষেত্রে শীর্ষ অবস্থানে নিয়ে যাবে এ প্রত্যাশা আমার। সমাপনী পর্বে সম্মানিত অতিথি হিসেবে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, কর্নেল জিএস শরিফুল ইসলাম (কর্নেল জিএস, ডিজিএফআই, বরিশাল), ঢাকা বিশ্ববিদ্যালয়ের লোক প্রশাসন বিভাগের প্রফেসর ড. মোহাম্মদ মহব্বাত খান উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি ছিলেন বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন, মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান এবং রেজিস্ট্রার ড. মোঃ হাসিনুর রহমান। উক্ত সম্মেলনে বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের চেয়ারম্যানবৃন্দ, শিক্ষকমন্ডলী, দেশ ও দেশের বাহিরের বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষক, গবেষক, বিশিষ্ট ব্যক্তিবর্গ এবং শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস